দৈনিক সংবাদ

তারিখ 06 DEC 1998
পৃষ্ঠা ১ কলাম ১

# প্রস্তাবিত শিক্ষা নীতি অবকাঠামোগত খরচই হবে বেশি

( নিজস্ব বার্তা পরিবেশক )

প্রস্তাবিত নয়া শিক্ষা নীতি সুপারিশমালা অনুযায়ী অবকাঠামোগত খরচই হবে বেশি। এ শিক্ষানীতি বাস্তবায়ন করতে হলে সারাদেশে প্রায় সোয়া ৫ লাখ শ্রেণীকক্ষ নির্মাণ করতে হবে।

সংশ্লিষ্ট সূত্রের মতে, এ বিপুল পরিমাণ শ্রেণীকক্ষ নির্মাণে খরচ হতে পারে ১৪ হাজার ৬শ' ৯০ কোটি টাকা। নির্মাণ সামগ্রীর দাম বাড়ছে। ফলে শ্রেণীকক্ষ নির্মাণের খরচও বাড়ার সম্ভাবনা বেশি। প্রস্তাবিত নয়া শিক্ষা নীতি বাস্তবায়নে অতিরিক্ত ৩০ হাজার কোটি টাকা খরচ ধরা হয়েছে। এ হিসেব অনুযায়ী দেখা যাচ্ছে প্রায় অর্ধেক টাকাই চলে যাবে শ্রেণীকক্ষ নির্মাণ খরচ মেটাতে। প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসা স্তরে ওই সোয়া ৫ লাখ শ্রেণীকক্ষ নির্মাণ করতে হবে।

ওই সূত্রে বলা হয়েছে, প্রস্তাবিত নতুন শিক্ষানীতিতে প্রাথমিক স্তর হবে প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত। মাধ্যমিক স্তর হবে নবম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত। এ কারণেই আরও শ্রেণীকক্ষ নির্মাণ

খরচ ঃ পৃঃ ৭ কঃ ৩

## খরচ ঃ বেশি

( ১ম পৃষ্ঠার পর )

করা ছাড়া প্রস্তাবিত নয়া শিক্ষা নীতি চালু করা সম্ভব নয়। প্রত্যেক মাদ্রাসায়ও ৪টি অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করতে হবে নয়া শিক্ষা নীতি বাস্তবায়নের জন্য।

সূত্রে আরো বলা হয়, প্রাথমিক হিসেব অনুযায়ী প্রত্যেকটি শ্রেণীকক্ষ নির্মাণ করতে আনুমানিক ২ লাখ ৮০ হাজার টাকা খরচ ধরা হয়েছে। সর্বশেষ তথ্য অনুযায়ী সারাদেশে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৭৪ হাজার ৮শ' ৩৫টি। প্রস্তাবিত নয়া শিক্ষা নীতি বাস্তবায়ন করতে হলে প্রত্যেক প্রাথমিক বিদ্যালয়ে আরও ৬টি শ্রেণীকক্ষ নির্মাণ করতে হবে। সারাদেশে মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান আছে ১৩ হাজার ৭শ' ৭৮টি। এ শিক্ষা নীতি বাস্তবায়নের জন্য মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেকটিতে আরও গড়ে ৪টি শ্রেণীকক্ষ নির্মাণের প্রয়োজন রয়েছে।

দেশে মাদ্রাসার সংখ্যা ৬ হাজার ৮শ' ৩৮টি। প্রত্যেক মাদ্রাসায়ও ৪টি অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করতে হবে।

একই সূত্রে বলা হয়েছে, থানা পর্যায়ে ৫শ' ভকেশনাল ও টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠার কথা আছে। প্রত্যেক ইনস্টিটিউটের জন্য ৫ কোটি টাকা হিসেবে আড়াই হাজার কোটি টাকা লাগবে। দেশে বর্তমানে ৫৩টি প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট আছে। আরও ১১টি ইনস্টিটিউট স্থাপনের খরচ ধরা হয়েছে ১শ' ১০ কোটি টাকা। মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট আছে ১১টি। আরও ১০টি স্থাপনে খরচ ধরা হয়েছে ১শ' কোটি টাকা। এভাবে দেখা যাচ্ছে, প্রস্তাবিত নয়া শিক্ষা নীতি বাস্তবায়নে অবকাঠামোগত খরচই বেশি হবে।